গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
(সংস্থাপন শাখা)
www.sunamganj.gov.bd

স্মারক নং : ০৫.৪৬.৯০০০.০০৬.১১.২৩৫.২১- ৬৬৪

তারিখ : ৩০ অগ্রহায়ণ, ১৪২৮ ব:।
১৫ ডিসেম্বর, ২০২১ খ্রি:।

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্বৃত্ত কর্মচারী শাখার ২২/০২/২০২১ তারিখের ৬৩ নং স্মারক, ১৭/০৮/২০২১ তারিখের ১৬৯ নং স্মারক, ১৭/০৮/২০২১ তারিখের ১৭০ নং স্মারক, ১৭/০৮/২০২১ তারিখের ১৭১ নং স্মারক এবং ১৭/০৮/২০২১ তারিখের ১৭২ নং স্মারকের ছাড়পত্রের নির্দেশনা অনুযায়ী জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ এবং এর অধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের সাধারণ প্রশাসনের নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত সুনামগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে http://dcsunamganj.teletalk.com.bd এ অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম | শূন্য পদের সংখ্যা | গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ০১. | সাঁটলিপিকার কাম-কম্পিউটার অপারেটর | ০৩ (তিন)টি | গ্রেড-১৩<br>১১০০০-২৬৫৯০/- | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং এ দক্ষতা<br>গ) কম্পিউটার হার্ডওয়্যার বিষয়ে বেসিক ধারণা থাকতে হবে।<br>ঘ) সাঁটলিপিতে প্রতি মিনিটে গতি ন্যূনতম ইংরেজি ও বাংলা যথাক্রমে ৮০ ও ৫০ শব্দ এবং কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে গতি ন্যূনতম ইংরেজি ও বাংলা যথাক্রমে ৩০ ও ২৫ শব্দ থাকতে হবে। |
| ০২. | সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | ১২ (বার)টি | গ্রেড- ১৪<br>১০২০০-২৪৬৮০/- | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি।<br>খ) ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডসিট, প্রেজেন্টেশন এবং বেসিক কম্পিউটার ট্রাবলসুটিং এ দক্ষতা<br>গ) কম্পিউটার হার্ডওয়্যার বিষয়ে বেসিক ধারণা থাকতে হবে।<br>ঘ) সাঁটলিপিতে প্রতি মিনিটে গতি ন্যূনতম ইংরেজি ও বাংলা যথাক্রমে ৭০ ও ৪৫ শব্দ এবং কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে গতি ন্যূনতম ইংরেজি ও বাংলা যথাক্রমে ৩০ ও ২৫ শব্দ থাকতে হবে। |
| ০৩. | সার্টিফিকেট সহকারী | ০৫ (পাঁচ)টি | গ্রেড- ১৬<br>৯৩০০-২২৪৯০/- | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>খ) কম্পিউটার চালনায় অভিজ্ঞতা।<br>গ) কম্পিউটার কম্পোজে প্রতি মিনিটে ন্যূনতম গতি ইংরেজিতে ২০ শব্দ ও বাংলায় ২০ শব্দ থাকতে হবে। |

**আবেদন ফরম পুরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে:**

১. আবেদনকারীর বয়স ২২/১২/২০২১ তারিখে অন্যূন ১৮ বছর এবং জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৫৪, তারিখ ০২/০৯/২০২১ মোতাবেক ২৫/০৩/২০২০ তারিখে প্রার্থীর সর্বোচ্চ বয়সসীমা:

ক) সকল প্রার্থীর (বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী ব্যতীত) ক্ষেত্রে ৩০ বছর।

খ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে ৩২ বছর।

গ) বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যাদের ক্ষেত্রে ৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২. এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত পদ পূরণে জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ অনুসরণ করা হবে।

৩. সরকারি, আধা সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনাপত্তিপত্র দাখিল সাপেক্ষে আবেদন করতে হবে।

৪. আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

৫. নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগ বিধি মতে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

৬. চাকুরীর জন্য আবেদন অনলাইনে আগামী ২২ ডিসেম্বর ২০২১ তারিখ সকাল ১০.০০ টা হতে ২০ জানুয়ারি, ২০২২ বিকাল ৫.০০ টা পর্যন্ত দাখিল করা যাবে। অফিসে সরাসরি/ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল দরখাস্ত বাতিল মর্মে গণ্য হবে।

৭. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/অনাপত্তিপত্র/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ১ টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা:

- (i) সকল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্র।
- (ii) সুনামগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে পৌরসভার মেয়র/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ।
- (iii) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ।
- (iv) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
- (v) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্র।
- (vi) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা ও শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র।
- (vii) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা হলে আবেদনের সাথে সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা অথবা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।
- (viii) অন্যান্য কোটা যেমন প্রতিবন্ধী কোটায় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন/সনদপত্র।

৮. নিয়োগের জন্য বাছাইকৃত প্রার্থীকে চূড়ান্ত নিয়োগ প্রদানের পূর্বে প্রার্থীর চারিত্রিক প্রতিপাদন সম্পাদন করা হবে।

৯. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্থলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরী হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

**১১. অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://dcsunamganj.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i). Online –এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২২ ডিসেম্বর ২০২১ খ্রি. সকাল ১০.০০ টা।

(ii). Online –এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২০ জানুয়ারি, ২০২২ খ্রি. বিকাল ৫.০০ টা। উক্ত সময়সীমার মধ্যে USER ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk pre-paid mobile এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে-কোনো প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান :** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মোতাবেক ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit হলে প্রার্থী User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী রঙ্গিন প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's copy -তে একটি User ID থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে-কোনো teletalk Pre-paid মোবাইল নম্বর হতে ০২ (দুই) টি SMS এর মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ১০০.০০ (একশত) টাকা ও teletalk এর SMS

সার্ভিস চার্জ বাবদ ১২.০০ (বারো) টাকাসহ (অফেরৎ যোগ্য) মোট ১১২.০০ (একশত বারো) টাকা পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। **উল্লেখ্য, Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।**

**প্রথম SMS :**

**DCSUNAMGANJ**<space>**User ID** *লিখে Send করিতে হইবে 16222 নম্বরে।*

*Example:* **DCSUNAMGANJ ABCDEF**

*Reply : Applicant's Name, Tk.* ***112*** *will be charged as application fee. Your PIN is xxxxxxxx, To pay fee Type DCSUNAMGANJ<space> Yes<space> PIN and send to 16222*

**দ্বিতীয় SMS :**

**DCSUNAMGANJ**<space>***Yes***<space>***PIN*** *লিখে Send করিতে হইবে 16222 নম্বরে।*

*Example:* **DCSUNAMGANJ YES XXXXXXXX**

*Reply : Congratulation Applicant's Name, Payment Completed Successfully for DCSUNAMGANJ Application for XXXXXXXX User ID is (XYZDEF) and Password (XXXXXXX).*

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dcsunamganj.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদন পত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

(ছ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র Download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থীর প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন,

(জ) শুধুমাত্র Teletalk Pre-paid মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: DCSUNAMGANJ<space>HELP<space>USER<space>User ID send to 16222.
Example: DCSUNAMGANJ HELP USER ABCDEF & Send to 16222

ii. PIN জানা থাকলে: DCSUNAMGANJ<space>HELP<space>PIN<space>PIN NO send to 16222
Example: DCSUNAMGANJ HELP PIN 12345678 & Send to 16222.

(ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে কোন ফ্লেক্সিলোডের অথবা কম্পিউটার দোকানদার থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ঞ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে, টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা vas.query@teletalk.com.bd বা alljobs.query@teletalk.com.bd বা dcsunamganj@mopa.gov.bd বা dcsunamganj@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। ই-মেইলের Subject এ Organization name: DC SUNAMGANJ, Post Name: xxxxxx, Applicant's user ID, Contact number অবশ্যই লিখতে হবে।

১২. অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য নিয়োগ কার্যক্রমের যে কোন পর্যায়ের বা নিয়োগ দানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভূয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৩. নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য **www.sunamganj.gov.bd** ওয়েবসাইট হতে জানা যাবে।

১৪. আবেদনকারীকে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৫. নিয়োগ সম্পর্কিত যে কোন সর্বশেষ তথ্য জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ (সংস্থাপন শাখা) এর ওয়েবসাইট www.sunamganj.gov.bd এ পাওয়া যাইবে। এছাড়া QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল **https://alljobs.teletalk.com.bd** ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করিয়াও বিজ্ঞপ্তিটি ও অন্যান্য তথ্যাদি পাওয়া যাইবে।বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

১৬. কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করা যাবে। একাধিক পদের বিপরীতে আবেদন করলে আবেদনসমূহ বাতিল বলে গণ্য হবে। নিয়োগ পরীক্ষা একই তারিখ ও সময়ে অনুষ্ঠিত হবে বিধায় একটি পদের বিপরীতে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে।

১৭. আবেদনপত্র গ্রহণ ও বাতিল করার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার তদবীর প্রার্থীর অযোগ্যতা প্রমাণে ভূমিকা রাখবে।

১৮. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন বা বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১৫/১২/২০২১
(মো: জাহাঙ্গীর হোসেন)
জেলা প্রশাসক
সুনামগঞ্জ
ফোন: ০৮৭১-৬২০০০
ফ্যাক্স: ০৮৭১-৬১৬০২
e-mail: dcsunamganj@mopa.gov.bd

স্মারক নং : ০৫.৪৬.৯০০০.০০৬.১১.২৩৫.২১- ৬৬৪/১

৩০ অগ্রহায়ণ, ১৪২৮ ব:।
তারিখ :
১৫ ডিসেম্বর, ২০২১ খ্রি:।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. বিভাগীয় কমিশনার............................(সকল)।
০৩. জেলা প্রশাসক,................................(সকল)
০৪. পুলিশ সুপার, সুনামগঞ্জ
০৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সুনামগঞ্জ
০৬. উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ
০৭. সিভিল সার্জন, সুনামগঞ্জ
০৮. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/শিক্ষা ও আইসিটি/রাজস্ব)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ
০৯. উপজেলা নির্বাহী অফিসার,..........................................(সকল), সুনামগঞ্জ। বিজ্ঞপ্তিটি তাঁদের নোটিশ বোর্ডে টানিয়ে এবং ওয়েবসাইটে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)
১০. মেয়র, সুনামগঞ্জ সদর/ছাতক/জগন্নাথপুর/দিরাই, সুনামগঞ্জ।
১১. সহকারী কমিশনার (ভূমি),..................................(সকল), সুনামগঞ্জ। বিজ্ঞপ্তিটি তাঁদের নোটিশ বোর্ডে টানিয়ে এবং ওয়েবসাইটে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)
১২. সহকারী কমিশনার, আইসিটি শাখা , সুনামগঞ্জ। নিয়োগ বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ এর ওয়েবসাইটে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৩. জেলা তথ্য অফিসার, সুনামগঞ্জ।
১৪. ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কম্যার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং ৩/এ, ৫/এ, ৭/এ, রোড নং-১৭, গুলশান-১, ঢাকা-১২১২। [তাঁকে উল্লিখিত বিজ্ঞপ্তি অনুযায়ী অনলাইনে আবেদন গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।]
১৫. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক সমকাল পত্রিকা, টাইমস মিডিয়া ভবন (৫ম তলা), তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮/দৈনিক সুনামকণ্ঠ পত্রিকা, মোক্তারপাড়া রোড, সুনামগঞ্জ-৩০০০। নিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় ৯ × ৫ সাইজের ভিতরের পাতায় ০১ (এক) দিনের জন্য স্বল্প পরিসরে প্রকাশ করে নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারিত সংখ্যার ৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১৬. পোস্ট মাস্টার, প্রধান ডাকঘর, সুনামগঞ্জ
১৭. জেলা একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, সুনামগঞ্জ
১৮. কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ, সুনামগঞ্জ জেলা কমান্ড।
১৯. জেলা নাজির, নিয়োগ বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টাঙানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
২০. অফিস কপি

১৫/১২/২০২১
জেলা প্রশাসক
সুনামগঞ্জ